কমিউনিটি সংবাদ

বৃটেনে এশিয়ান ক্যাটারারর্সদের নতুন সংগঠন এসিএফ

ক্বারী ইন্ডাষ্ট্রীর সমস্যা সমাধানে আমাদের সকলের মনযোগী হওয়া উচিত -লর্ড প্যাডি অ্যাশডন

এনএনবি-লন্ডনঃ ক্বারী ইন্ডাষ্ট্রীর বিরাজমান সমস্যা, বিশেষ করে ট্রেনিং, ষ্টাফ সংকট সহ নানাবিধ সমস্যা সমাধানকল্পে কয়েকটি ব্রিটিশ এশিয়ান ক্যাটারারর্স সংগঠনের সমন্বয়ে গঠিত হয়েছে এসিএফ (এশিয়ান ক্যাটারারর্স ফেডারেশন)। এমাসেই এর আনুষ্টানিক লঞ্চিং অনুষ্ঠিত হবে হাউজ অব কমন্সে। এর সাথে রয়েছে ফেডারেশন অব বাংলাদেশী ক্যাটারারর্স, মালয়েশিনান রেষ্টুরেন্ট এসোসিয়েশন, চায়নিজ রেষ্টুরেন্ট এসোসিয়েশন, থাই ক্যাটারারর্স, নেপালিজ রেষ্টুরেন্ট ফোরাম সহ ব্রিটিশ এশিয়ানদের বেশ কয়েকটি সংগঠন। গেল ২৫ জানুয়ারী ওয়ালিংটনের আকাশ রেষ্টুরেন্টে ফেডারেশন অব বাংলাদেশী ক্যাটারারর্স এর নেট-ওয়ার্কিং ডিনারে এএফওবিসি'র চেয়ার ইয়াওর খান এই ঘোষনা দেন। এফওবিসি আয়োজিত নেটওয়াকিং ডিনারে প্রধান অথিতি হিসেবে উপস্থিত ছিলেন লিবারেল ডেমক্রেট পার্টির সাবেক প্রধান লর্ড প্যাডি অ্যাশডন, বিশেষ অথিতি হিসেবে উপস্থিত ছিলেন রাইট অনারেবল টমব্রেইক এমপি। চাইল্ড ডেপুটেশন বন্ধ সহ ক্যাটারিং সেক্টরের সমস্যা পার্লামেন্টে তুলে ধরার রাইট ওনারেবল টম বেইক এমপি ও ডেনহ্যাম এমপিকে ধন্যবাদজ্ঞাপন করা হয়। এখানে উল্লেখ্য যে এফওবিসির পক্ষে অবৈধদের বৈধতা দান ও রেষ্টরেন্ট সেক্টরে কর্মরতদের সর্বাগ্রে টেনিং সুবিধা নিশ্চিত করা সহ ক্যাটারারর্সদের সমস্যা সমাধানে টমব্রেইক এমপি কাজ করে আসছেন। এফওবিসি এবং অন্যান্য সংগঠনের আন্দোলনের ফলে সরকার বৃটেনের পাঁচটি স্থানে ক্যাটারিং কোর্স চালু করতে যাচ্ছে। এফওবিসি চেয়ার ইয়াওর খান ক্যাটারারর্স ট্রেনিং এর পরিচালক মার্টিন খ্রিষ্টিন কেন্টের সাথে প্রতিটি শহরে টেনিং সেন্টার স্থাপন সহ রেষ্টরেন্ট সেক্টরে কর্মরতদের সর্বাগ্রে টেনিং সুবিধা নিশ্চিত করতে লবিং করে যাচ্ছেন। ফেব্রুয়ারীর প্রথম সপ্তাহ থেকে এফওবিসি সমগ্র বৃটেন ব্যাপী রোড শো করার প্রস্তুতি নিচ্ছে। অনুষ্টানে প্রধান অতিথির বক্তব্যে লর্ড প্যাডি অ্যাশডন বলেন ক্বারী ইন্ডাষ্ট্রীর সমস্যা সমাধানে আমাদের সকলের মনযোগী হওয়া উচিত। ক্বারীর জন্মস্থান দিল্লীতে হলে ব্রিটিশ সমাজে এর বিস্তিতি ঘটেছে অনেক।

দিন দিন ব্রিটিশরা ক্বারীর দিকে ঝুঁকে পড়ছে। এফওবিসির চেয়ার ইয়াওর খানের সভাপতিতে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখের সেক্রেটারী আনোয়ার হোসেন, ভাইস প্রেসিডেন্ট আবুল বশর, কাউন্সিলার শেরওয়ান চৌধুরী প্রমুখ। নেটওয়াকিং ডিনারে এশিয়ান ক্যাটারিং ইন্ডাষ্ট্রির নেতৃবৃন্দ ছাড়াও ওয়ালিংটন এলাকার মাল্টিক্যালচারাল সোসাইটির বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

নর্থইষ্ট বি এন পির অংশগ্রহন

টিপাইমুখ বাধঁ নির্মানের প্রতিবাদে ভারতীয় হাইকমিশন ঘেরাও

নর্থইষ্ট বি এন পির অংশগ্রহনে সম্প্রতি টিপাইমুখ বাধঁ নির্মানের প্রতিবাদে যুক্তরাজ্য বি এন পি কতৃক আয়োজিত লন্ডনের ওয়েষ্টমিনিষ্টারস্থ ভারতীয় হাইকমিশনরের সামনে এক প্রতিবাদ সভ্রা অনুষ্টিত হয়। যৃক্তরাজ্য বি এন পি সভাপতি মিয়া মনিরুল আলম ও সাধারন সম্পাদক ব্যারিষ্টার আব্দুস সালামের নেতৃত্বে অনুষ্টিত এ প্রতিবাদে দলীয় নেতা কর্মিরা ভারত সরকারের নানা অপকমের বিরোদ্ধে ,ফ্যাস্টুন ,প্লেকার্ড প্রদর্শন করে প্রতিবাদ শ্লোগান দেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নর্থইষ্ট বি এন পির সাধারন সম্পাদক শাহান আহমদ চৌধুরী,সাংগঠনিক সম্পাদক আলী হোসেন,ও মিলন চৌধুরী. ডারলিংগটন বি এন পি র সভাপতি আলহাজ্জ নুরুল হক ,সাধারন সম্পাদক সৈয়দ মারজানুল হক,জনাব আব্দুল বাছিত,সান্ডারল্যান্ড বি এন পি সাংগঠনিক সম্পাদক মীর্জা রায়হান ,নর্থইষ্ট যুবদল সাধারন সম্পাদক আব্দুল ওয়াহিদ খান ,হুমায়ুন রশীদ।

নর্থইষ্ট ছাএদলের আহবায়ক মিশকাত উদ্দিন মিশু,জাসাস নর্থইষ্ট শাখার আহবায়ক মাহী এ চৌধুরী প্রমৃখ।এসময় বক্তাগন টিপাইমুখ বাধঁ নির্মানে বাংলাদেশ সরকারের নিরব ভুমিকায় তীব্রনিন্দা জানান।

আল মারজান ম্যারেজ ব্যুরুর উদ্যোগে বিশেষ সেমিনার অনুষ্ঠিত

গত ২৮ জানুয়ারী শনিবার পূর্ব লন্ডনের ইব্রাহীম কমিউনিটি সেন্টারে আল মারজান ম্যারেজ ব্যুরোর উদ্যোগে সন্তানদের বিয়ে বিষয়ে পিতামাতা অভিভাবকদের করণীয় শীর্ষক এক বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়। আল মারজানের পরিচালক মাওলাান রেজাউল করিমের সভাপতিত্বে এবং কবি শিহাবুজ্জামান কামালও মাওলানা আবুল হাসনাত চৌধুরীর যৌথ পরিচালনায় সেমিনারের শুরুতে পবিত্র কালামে পাক থেকে তেলাওয়াত পেশ করেন হাফিজ সাইদুল করীম সাফওয়ান। সভাপতির সুচনা বক্তব্যে মাওলানা রেজাউল করিম ম্যারেজ ব্যুরুর কার্যক্রম তুলে ধরেন। তিনি আমন্ত্রিত অতিথি উপস্থিত পিতামাতা, অভিভাবকদেরকে ধন্যবাদ ও শোকরিয়া জানিয়ে বলেন, আল মারজান ম্যারেজ ব্যুরোর পক্ষ থেকে প্রথমবারের মত এই সেমিনারে আশাতীতভাবে সাড়া পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

ইসলামী শরিয়ত অনুযায়ী ছেলেমেয়েদের বিয়ে শাদী কিভাবে সহজ পদ্ধতিতে দেয়া যায় এ ব্যাপারে আগামীতেও এ ধরনের উদ্যোগকে গ্রহণ এবং সচেতনতা বাড়ানো হবে বলে তিনি জানান।

সেমিনারে আমন্ত্রিত বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন। বিশিষ্ট ইসলামী ব্যক্তিত্ব দাওয়াতুল ইসলামের সাবেক আমীর মোহতারাম একে এম আব্দুস সালাম, বৃটেনের শরীয়া কাউন্সিলের চেয়ারম্যান এবং দাওয়াতুল ইসলামের আমীর হাফেজ মাওলানা আবু সায়ীদ, বিশিষ্ট আলেমে দ্বীন, ইস্ট লন্ডন মসজিদের প্রধান খতিব মাওলানা আব্দুল কাইয়ুম, জামেয়াতুল উম্মাহ মাদ্রাসার প্রেন্সিপাল মাওলানা আব্দুর রহমান মাদানী, বিশিষ্ট সাংবাদিক গাজিউল হাসান খান, টাওয়ার হ্যামলেটসের ডিপুটি মেয়র ওহিদ আহমদ, ড. আবুল কালাম আজাদ, ব্যারিস্টার আহমদ এ মালিক, ড. শামসুল হুদা জায়গিরদার, সাপ্তাহিক বাংলাপোস্টের প্রধান সম্পাদক কে এম আবু তাহের চৌধুরী, লন্ডন মেইল সম্পাদক ড. এম এ আজিজ, ঢাকা পোস্ট সম্পাদক অধ্যাপক ওমর ফারুক প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন বৃটেনের এই বৈরী পরিবেশে শৈশবকাল থেকে পারিবারিকভাবে ছেলে মেয়েদেরকে ভাল পরিবেশে ইসলামী ধর্মীয় মূল্যবোধ, নৈতিক ও চারিত্রিক শিক্ষার মাধ্যমে গড়ে তোলা হলে তারা ভাল পথে চলার দিশা পাবে। ছেলেমেয়েরা যখন বড় হয় এবং বিবাহযোগ্য হলে তখন পিতামাতা ও অভিভাবকদের দায়িত্ব হল যোগ্য ও ভাল পাত্র পাত্রী দেখে তাদের বিয়ের সম্বন্ধ ঠিক করা। একই সাথে এ ব্যাপারে তাদের মতামত এবং পছন্দের প্রতিও তাদের গুরুত্ব দেয়া প্রয়োজন।

পরে সেমিনারে প্রশ্নোত্তর পর্বে অভিভাবকদের লিখিত বিভিন্ন প্রশ্নের জবাব দেন প্যানেলের আমন্ত্রিত অতিথিবৃন্দ।

অনুষ্ঠানে ইসলামী সঙ্গীত পরিবেশন করেন কবি শিহাবুজ্জামান কামাল এবং রেনেসাঁর শিল্পী গোলাম মোস্তফা জুবায়ের নূর। সেমিনারে বিপুল সংখ্যক অভিভাবক উপস্থিত ছিলেন। দোয়ার মাধ্যমে সেমিনারের কাজ শেষ হয়। দোয়া পরিচালনা করেন মোহতারাম একে এম আব্দুস সালাম। দোয়া শেষে আপ্যায়নের ব্যবস্থা ছিল।

রেনেসাঁ সাহিত্য মজলিশ ইউকের উদ্যোগে 'মিশ্রকথন' কাব্য গ্রন্থের প্রকাশনা উৎসব

গত ২৫ জানুয়ারী বুধবার রেনেসাঁ সাহিত্য মজলিশ ইউকের উদ্যোগে কবি মোহাম্মদ রহমত আলী পাতনীর 'মিশ্রকথন' কাব্য গ্রন্থের প্রকাশনা উৎসব পূর্ব লন্ডনের মন্টিফিউরি সেন্টারে অনুষ্ঠিত হয়।

সংগঠনের সভাপতি কে এম আবু তাহের চৌধুরীর সভাপতিত্বে ও সাধারন সম্পাদক শিহাবুজ্জামান কামালের পরিচালনায় অনুষ্ঠিত উক্ত প্রকাশনা উৎসবে অতিথি হিসাবে বক্তব্য রাখেন, বিশিষ্ট আইনজীবী ব্যারিস্টার আতাউর রহমান, লন্ডন বাংলা পত্রিকার ডাইরেক্টর এম এ আজিজ, মুফতি শাহ সদরউদ্দিন, মাওলানা আব্দুল কাদির সালেহ, সাংবাদিক মোহাম্মদ রহমত আলী, সাপ্তাহিক বাংলা পোস্টের ডাইরেক্টর হাজী আব্দুল জলিল, শেখ মোহাম্মদ জাভেদ আলী প্রমুখ।

সভায় বক্তারা সমসাময়িক বিষয় নিয়ে লেখা কবিতাগ্রন্থ প্রকাশের জন্য কবি মোহাম্মদ রহমত আলী পাতনীকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আরও লেখা প্রকাশের অনুরোধ জানান।

বক্তারা রেনেসাঁ সাহিত্য মজলিশের বাংলা ভাষার সাহিত্য চর্চা লালনে অগ্রণী ভূমিকা পালনের ভূয়সী প্রশংসা করেন।

ফটো রাজনীতি নামে নতুন এক টেলিফিল্ম প্রকাশের লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত

গত ২৪ জানুয়ারী ফিল্ড এভিনিউ, কুইনসপার্কে মশহুদ বকস্ নাজমুল কর্তৃক রচিত "ফটো রাজনীতি" নামে এক টেলিফিল্ম প্রকাশের লক্ষ্যে মশহুদ বকস নাজমুল ও জামাল আহমদের আহ্বানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য যে মশহুদ বকস নাজমুল এর সার্বিক তত্ত্বাবধানে সম্প্রতি "সাইমু কই" নামে একটি টেলিফিল্ম ইষ্ট লন্ডন ব্রাডি সেন্টারে প্রদর্শিত হওয়ার পর ফটো রাজনীতি নামে এ টেলিফিল্মটি প্রকাশ হবে তার দ্বিতীয় প্রয়াস। সভায় উপস্থিত সকলেই তাহার অগ্রযাত্রার সাফল্র কামনা করেন।

সভায় বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সমাজ ও সাংস্কৃতিক কর্মী সহ অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এম ময়িজ মজুমদার, মাহমুদুর রহমান, মোঃ কিবরিয়া, আব্দুল মুহিত, ছানু চৌধুরী, হুমায়ূন কবির আয়াছ, সৈয়দ চৌধুরী, মোঃ আরমগীর, বজলুর রশিদ লিটন, নাজিবুল ইসলাম আকিব, রেফুল মিয়া, আব্দুল মালিক, মোঃ উসমান প্রমুখ।